

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, কুমিল্লা  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

স্মারক- ০৫.৪২.১৯০০.০০৮.১৮.০৯২.২৩-১২২০

তারিখ ৩০ কার্তিক ১৪৩০  
১৫ নভেম্বর ২০২৩


গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি খন্দকার মু: মুশফিকুর রহমান, জেলা প্রশাসক, কুমিল্লা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ	১৫ অগ্রহায়ণ ১৪৩০	বৃহস্পতিবার
			৩০ নভেম্বর ২০২৩	
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০	শুক্রবার- সোমবার
			০১-০৪ ডিসেম্বর ২০২৩	
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	ঃ	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০	মঙ্গলবার- শনিবার
			০৫-০৯ ডিসেম্বর ২০২৩	
(ঘ)	আপিল নিষ্পত্তি	ঃ	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০	রবিবার- শুক্রবার
			১০-১৫ ডিসেম্বর ২০২৩	
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০২ পৌষ ১৪৩০	রবিবার
			১৭ ডিসেম্বর ২০২৩	
(চ)	প্রতীক বরাদ্দ	ঃ	০৩ পৌষ ১৪৩০	সোমবার
			১৮ ডিসেম্বর ২০২৩	
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	ঃ	২৩ পৌষ ১৪৩০	রবিবার
			০৭ জানুয়ারি ২০২৪	

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্চে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২৫৫ কুমিল্লা-৭ নির্বাচনি এলাকার সকল বাসিন্দার জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চান্দিনা, কুমিল্লা) মনোনয়নপত্র গৃহিত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।


  
খন্দকার মু: মুশফিকুর রহমান  
জেলা প্রশাসক, কুমিল্লা

তারিখ ১৫ দিন ১১ মাস ২০২৩ বৎসর

ও  
রিটার্নিং অফিসার  
২৫৫, কুমিল্লা-৭  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৩। উপমহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ৪। পুলিশ সুপার, কুমিল্লা
- ৫। অধিনায়ক ১০ বিজিবি, কোটবাড়ী, কুমিল্লা।
- ৬। উপপরিচালক, র্যাব-১১, সিপিসি-২, কুমিল্লা।
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা
- ৯। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার
- ১১। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা (নির্বাচনি এলাকায় জন সাধারণের মাঝে বহল প্রচারের জন্য অনুরোধ করা হল)
- ১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার, চান্দিনা, কুমিল্লা
- ১৪। অফিসার ইন-চার্জ, চান্দিনা মডেল থানা, কুমিল্লা
- ১৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চান্দিনা, কুমিল্লা
- ১৬। সচিব, ..... পৌরসভা, কুমিল্লা/..... ইউনিয়ন, ..... উপজেলা, কুমিল্লা। বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, কুমিল্লা জেলা ও চান্দিনা উপজেলা প্রেসক্লাব, কুমিল্লা
- ১৮। নোটিশ বোর্ড



জেলা প্রশাসক, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসার

২৫৫, কুমিল্লা-৭

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন